যুগান্তর

তারিখ 13 JUL 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# পূর্ণাঙ্গ উৎসব ভাতা দাবি শিক্ষক কর্মচারীদের

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের পে-স্কেল দেয়ার দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধন থেকে শিক্ষক-কর্মচারীদেরকে পূর্ণাঙ্গ উৎসব ভাতা দেয়ারও দাবি জানানো হয়। এছাড়া মিথ্যা মামলা প্রত্যাহার করে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়ার মুক্তি দাবি জানায় সংগঠনটি।

সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব জাকির হোসেনের নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য বাবু অজিত কুমার সরকার, অধ্যাপক আলমগীর হোসেন, অধ্যাপক তফাজ্জল হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির ঢাকা জেলা সভাপতি নজরুল ইসলাম প্রমুখ।

**'দেশে বাক স্বাধীনতা নাই'** : এদিকে মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরীর বিরুদ্ধে মিথ্যা মামলা দেয়ায় তীব্র নিন্দা জানিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। রোববার এক বিবৃতিতে জোটের ভারপ্রাপ্ত মহাসচিব মো. জাকির হোসেন বলেন, ডা. জাফরুল্লাহ চৌধুরীর বিরুদ্ধে দায়ের মামলাই প্রমাণ করে দেশে মানুষের বাক [illegible]